সংবাদ

তারিখ ০6 JUN 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# ২০০৯ সাল থেকে শিক্ষা ক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে : হেলালুদ্দীন আহমদ

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদ বলেছেন, ২০০৯ সাল থেকে এ দেশে শিক্ষা ক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে। বছরের প্রথম দিনেই সারাদেশে ৩৩ কোটি বই ছাত্রছাত্রীদের হাতে তুলে দেয়া হয় যা পৃথিবীর আর কোন দেশে নাই। ৫ম এবং ৮ম শ্রেণীতে পিএসসি এবং জেএসসি পরীক্ষা প্রবর্তন করায় ছাত্রছাত্রীদের পাশাপাশি শিক্ষকদের মধ্যেও প্রতিযোগিতা সৃষ্টি হয়েছে। কোন স্কুলটা ভালো করছে তা নিয়ে সাধারণ মানুষ এখন আরও বেশি সজাগ থাকছে। ব্ল্যাকবোর্ডের পরিবর্তে মাল্টিমিডিয়া ক্লাসরুমে প্রজেক্টরের সাহায্যে পাঠদান করায় শিক্ষার্থীরা আরও সহজেই মগজে ধারণ করতে পারছে। প্রধানমন্ত্রীর মধ্যম আয়ের দেশ ঘোষণার কাজে আজকের ছাত্রছাত্রীদের পড়াশুনায় দক্ষ, বিজ্ঞানমনস্ক এবং প্রযুক্তিনির্ভর হয়ে নিজেকে যোগ্য করে গড়ে তুলতে হবে। আশা করব বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ এবং শিক্ষক-শিক্ষিকারা যোগ্য মেধা গঠনে নিবেদিত প্রাণ হয়ে কাজ করবেন।

রোববার বিকেলে নারায়ণগঞ্জের ভূঁইয়ারবাগে অবস্থিত বিদ্যা নিকেতন হাই স্কুলের নতুন ৬ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের আর্থিক অনুদানে নতুন ৬ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি ও দৈনিক সংবাদের ব্যবস্থাপনা সম্পাদক কাশেম হুমায়ুন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, নারায়ণগঞ্জের জেলা প্রশাসক আনিছুর রহমান মিঞা। অন্যান্য অতিথির মধ্যে আরও বক্তব্য রাখেন, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুস ছামাদ, শিক্ষা প্রকৌশল অধিদফতরের নির্বাহী প্রকৌশলী আনোয়ার হোসেন, বিদ্যা নিকেতন স্কুল ট্রাস্টের সেক্রেটারি দেলোয়ার হোসেন চুন্নু এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র সাহা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ঢাকা বিভাগীয় ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদককে ইউ আকসীর, বিদ্যালয় ট্রাস্টির সদস্য শাহনাজ বেগম, শিক্ষানুরাগী কাশেম জামাল, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) শাহীন-আরা বেগম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গাউছুল আজম।